



ইরানের যুদ্ধ বন্ধে চীন ও পাকিস্তানের পাঁচ দফা প্রস্তাব



বেইজিংয়ে দুই দেশের পররাষ্ট্রমন্ত্রী—ওয়াং ই ও ইসহাক দারের বৈঠক। ছবি: সংগৃহীত

চলমান উত্তেজনা নিরসন ও স্থিতিশীলতা পুনরুদ্ধারের লক্ষ্যে চীন ও পাকিস্তান যৌথভাবে পাঁচ দফা উদ্যোগ ঘোষণা করেছে। বেইজিংয়ে দুই দেশের পররাষ্ট্রমন্ত্রী—ওয়াং ই ও ইসহাক দারের বৈঠকের পর এই প্রস্তাবনা সামনে আসে।

ঘোষিত পাঁচ দফা প্রস্তাবের মূল বিষয়গুলো হলো:

১. বেসামরিক মানুষ এবং অ-সামরিক স্থাপনার ওপর সব ধরনের হামলা অবিলম্বে বন্ধ করতে হবে।
২. চলমান সংঘাত দ্রুত থামিয়ে দিতে হবে এবং এটি যেন অন্য কোনো অঞ্চলে ছড়িয়ে না পড়ে, সে বিষয়ে কার্যকর পদক্ষেপ নিতে হবে।
৩. ইরান ও উপসাগরীয় দেশগুলোর সার্বভৌমত্ব ও নিরাপত্তা বজায় রেখে দ্রুত শান্তি আলোচনায় বসার আহ্বান জানানো হয়েছে। এই প্রক্রিয়ায় সংশ্লিষ্ট সব পক্ষকে সহায়তার প্রতিশ্রুতিও দিয়েছে চীন ও পাকিস্তান।
৪. বৈশ্বিক বাণিজ্যের জন্য গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালির নিরাপত্তা নিশ্চিত করার ওপর জোর দেওয়া হয়েছে।
৫. জাতিসংঘের সনদের সঙ্গে সামঞ্জস্য রেখে একটি টেকসই ও দীর্ঘমেয়াদি শান্তি কাঠামো গড়ে তোলার আহ্বান জানানো হয়েছে।